গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা
www.dss.gov.bd

"উন্নয়ন ও সমৃদ্ধির অগ্রযাত্রায়
দেশ গড়বো সমাজসেবায়"

বিষয় : **২০২৩-২০২৪ অর্থবছরে সমাজসেবা অধিদপ্তরের নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ সাফায়েত হোসেন তালুকদার, অধ্যক্ষ, জাতীয় সমাজসেবা একাডেমি।

সভার স্থান : অন্বেষা-১ (২য় তলা), জাতীয় সমাজসেবা একাডেমি, আগারগাঁও, ঢাকা।

তারিখ ও সময় : ২৯ ডিসেম্বর ২০২৩, সকাল ৯.৩০ ঘটিকা

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা (পরিশিষ্ট 'ক')

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার শুরুতে তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধাভারে স্মরণ করেন। মহান মুক্তিযুদ্ধে আত্নদানকারী সকল বীর শহীদদের গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের বিষয়ে সকলকে তৎপর হওয়ার জন্য অনুরোধ জানিয়ে কার্যপত্রের আলোকে ধারাবাহিকভাবে আলোচ্য বিষয়াদি উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিব মোঃ জহিরুল ইসলাম, উপাধ্যক্ষকে আহবান জানান।

**আলোচ্যসূচি ১:** জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর লক্ষমাত্রা অর্জনে অগ্রগতি ।

আলোচনা: উপাধ্যক্ষ সভায় অবগত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহনে সভা আহবান করার একটি লক্ষ্যমাত্রা রয়েছে যা ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। এছাড়া কর্মপরিকল্পনা অনুযায়ী আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন কার্যক্রমের ২.১, ২.২, ও ২.৩ প্রত্যেকটি কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন করা হচ্ছে।

**সিদ্ধান্ত:** ২০২৩-২০২৪ এর কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতিটি কর্মসম্পাদন সূচকের কোয়ার্টার ভিত্তিক নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।

**আলোচ্যসূচি ২:** শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন।

**আলোচনা:** সভায় আলোচনা হয় যে, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অনুযায়ী ১টি শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে যথাক্রমে তৃতীয় কোয়ার্টারে।

**সিদ্ধান্ত:** শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন নিশ্চিত করতে হবে।

**আলোচ্যসূচি ৩:** কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোশাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি)

**আলোচনা:** সভাকে অবহিত করা হয় যে, কর্ম-পরিবেশ উন্নয়নে ২টি কার্যক্রম যথাক্রমে ৩য় ও ৪র্থ কোয়ার্টারে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা আছে। সদর কার্যালয়ে পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রমে উৎকর্ষতা সাধন এবং ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোশাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করণ কে কর্ম-পরিবেশ উন্নয়নে লক্ষ্যমাত্রা নির্ধারণে সকল সম্মানিত সদস্য একমত পোষণ করেন (তালিকা সংযুক্ত)।

**সিদ্ধান্ত:** ৩য় ও ৪র্থ কোয়ার্টারের মধ্যে কর্ম-পরিবেশ উন্নয়নে ২টি কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

**আলোচ্যসূচি ৪:** লক্ষ্যমাত্রা অনুযায়ী শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমে কর্মসম্পাদন সূচক বাস্তবায়ন।

**আলোচনা:** উপাধ্যক্ষ সভাকে অবহিত করেন যে, শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমে কর্মসম্পাদন সূচক বাস্তবায়নে যথাক্রমে ৩য় ও ৪র্থ কোয়ার্টারে লক্ষ্যমাত্রা অর্জনের নির্দেশনা আছে।

**সিদ্ধান্ত:** লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯/১২/২০২৩

মোঃ সাফায়েত হোসেন তালুকদার
অধ্যক্ষ
ফোন: ৫৫০০৭০২১
pri.nass@dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০১৮.২৫.০০২.২৩. ২১৬৬ তারিখ: ২৯ ডিসেম্বর ২০২৩

০১। পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর।
০২। এপিএ সমন্বয়কারী, সমাজসেব অধিদপ্তর।
০৩। উপাধ্যক্ষ, জাতীয় সমাজসেবা একাডেমি।
০৪। প্রভাষক (সকল), জাতীয় সমাজসেবা একাডেমি

সদয় জ্ঞাতার্থে:

০১। মহাপরিচালক (গ্রেড-১), সমাজসেবা অধিদপ্তর।

২৯।১২।২৩

মোঃ জহিরুল ইসলাম
উপাধ্যক্ষ
জাতীয় সমাজসেবা একাডেমি
ফোন: ৫৫০০৭২৮১
vp.nass@dss.gov.bd